

মুক্ত প্রক্রিয়া

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ-১
বাজেট অধিশাখা-২
www.mof.gov.bd

নং-০৭.০০.০০০০.১০২.০২২.০০৮.২০১৬-৮৭২

তারিখঃ ২৪ সেপ্টেম্বর, ২০১৮ খ্রি
০৯ আশ্বিন, ১৪২৫ বঙ্গ

পরিপত্র

বিষয়ঃ চাকুরিরত অবস্থায় মৃত্যুবরণকারী সরকারি কর্মকর্তা/কর্মচারির উন্নতাধিকারীর নিকট অথবা অক্ষম (সম্পূর্ণ মানসিক প্রতিবক্তা বা পঞ্চু হয়ে অবসর গ্রহণকারী দুর্দশাগ্রস্ত) কর্মকর্তা/কর্মচারির নিকট থেকে অনাদায়ী ঝানের অপরিশোধিত আসল ও সুদ বা দন্ডসুদ মওকুফ সংক্রান্ত সংশোধিত নীতিমালা।

চাকুরিরত অবস্থায় মৃত্যুবরণকারী সরকারি কর্মকর্তা/কর্মচারির উন্নতাধিকারীর নিকট থেকে অথবা অক্ষম কর্মকর্তা/কর্মচারির নিকট থেকে অনাদায়ী ঝানের অপরিশোধিত আসল ও সুদ বা দন্ডসুদ মওকুফের বিষয়ে ইতৎপূর্বে সময়ে সময়ে জারিকৃত নীতিমালার পরিবর্তে নিম্নবর্ণিত নীতিমালা অনুসরণ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে:

২.০ এ নীতিমালার আওতায় গৃহ নির্মাণ, গৃহ মেরামত, কম্পিউটার, মোটরকার, মোটর সাইকেল ও প্রাধিকারপ্রাপ্ত সরকারি কর্মকর্তাদের সুদমুক্ত বিশেষ অগ্রিম ও গাড়ি সেবা নগদায়ন নীতিমালা-এর আওতায় গৃহীত ঝানের অপরিশোধিত আসল ও সুদ বা দন্ডসুদ মওকুফের বিষয় বিবেচিত হবে।

২.১ ঝগ মওকুফের প্রস্তাব প্রক্রিয়াকরণঃ

২.২ ঝগ মওকুফের প্রস্তাব পেশকরণ সংক্রান্ত অর্থ বিভাগের নির্ধারিত ফরম যথাযথভাবে পূরণপূর্বক অধিদপ্তর/পরিদপ্তরের ক্ষেত্রে বিভাগীয় প্রধান এবং মন্ত্রণালয়/বিভাগের ক্ষেত্রে সিনিয়র সচিব/সচিবের সুস্পষ্ট সুপারিশসহ প্রেরণ করতে হবে।

২.৩ ঝগ মওকুফের প্রস্তাব পেশকরণ সংক্রান্ত ফরম-এর সংশ্লিষ্ট কলামে এককালীন প্রাপ্ত গ্র্যাচুইটি (শেষ বেতনের পেনশনযোগ্য অংকের ৫০%) পরিশোধ করা হয়েছে কিনা তা সুস্পষ্টভাবে অবশ্যই উল্লেখ করতে হবে।

৩.০ আসল ও সুদ মওকুফের বিষয়ে সুপারিশ প্রদানের লক্ষ্যে নিম্নরূপ কমিটি গঠন করা হলোঃ

- | | | | |
|-----|--|---|------------|
| (১) | অতিরিক্ত সচিব (প্রশাসন ও ব্যয় ব্যবস্থাপনা), অর্থ বিভাগ | - | সভাপতি |
| (২) | অতিরিক্ত সচিব (বাজেট-১), অর্থ বিভাগ | - | সদস্য |
| (৩) | অতিরিক্ত সচিব (প্রশাসন ও সমন্বয়), অর্থ বিভাগ | - | সদস্য |
| (৪) | মহাইন্দ্রিব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের একজন প্রতিনিধি - | - | সদস্য |
| (৫) | জনপ্রশাসন মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি | - | সদস্য |
| (৬) | যুগ্ম-সচিব (বাজেট-১), অর্থ বিভাগ | - | সদস্য |
| (৭) | সরকারি কর্মচারি কলাপ বোর্ডের একজন প্রতিনিধি | - | সদস্য |
| (৮) | উপ-সচিব/সিনিয়র সহকারী সচিব (বাজেট-২), অর্থ বিভাগ | - | সদস্য-সচিব |

৪.০ কমিটি সাধারণভাবে প্রতিমাসে একটি সভা করবে।

৫.০ কমিটি আসল ও সুদ মওকুফের ক্ষেত্রে নিম্নরূপ বিষয়াদি বিবেচনাপূর্বক সুপারিশ প্রদান করবেঃ

৫.১ ঝগ গ্রহীতা সরকারি কর্মকর্তা/কর্মচারি চাকুরিরত অবস্থায় মৃত্যুবরণ করলে অথবা অক্ষমতাজনিত কারণে অবসর গ্রহণ করলে গৃহীত ঝানের অপরিশোধিত আসল ও সুদ মওকুফের বিষয় বিবেচনাযোগ্য হবে। এক্ষেত্রে অবসর উন্নত ছুটিকালও (পি আর এল) চাকুরিকাল হিসেবে গণ্য হবে।


৫.২ ঝগ গ্রহণকারী কর্মকর্তা/কর্মচারি প্রাপ্ত গ্র্যাচুইটি মৃত্যুর পূর্বে নিষ্পত্তি হয়ে থাকলে তাদের ক্ষেত্রে মওকুফের প্রস্তাব বিবেচনাযোগ্য হবে না।

৫.৩ চাকুরিরত অবস্থায় কোন সরকারি কর্মকর্তা/কর্মচারি দায়দেনাগ্রস্ত নিঃস্ব পরিবার পরিজন রেখে মৃত্যুবরণ করলে অথবা অক্ষমতাজনিত কারণে অবসর গ্রহণ করলে তাদের ক্ষেত্রে প্রাপ্ত সরকারি সুবিধাদি বিবেচনাক্রমে আসল ও সুদ মওকুফযোগ্য হবে।

(অং পঃ দ্রঃ)

পূর্ব পঠার পরঃ

- ৫.৪ প্রাপ্ত গ্রাচুইটি মোট ১২.০০ লক্ষ (বার লক্ষ) টাকা বা তদুর্ধ হলে ৫.৩-এ উল্লেখিত ক্ষেত্র ব্যতীত আসল মওকুফ বিবেচনায় আনা হবে না;
- ৫.৫ অপরিশোধিত ঋণের পরিমাণ অবসরজনিত এককালীন প্রাপ্তের অর্ধেক বা বেশী হলে (শেষ বেতনের পেনশনযোগ্য অংকের ৫০%) মৃত/অক্ষম ব্যক্তির পরিবারের সদস্য সংখ্যা, ছেলে-মেয়েদের বয়স, লেখাপড়া ও আর্থিক অবস্থা ইত্যাদি বিবেচনাপূর্বক কমিটি আসল মওকুফের সুপারিশ করবে।
- ৫.৬ দুষ্ট/অসহায় পরিবার পরিজন রেখে চাকুরিত অবস্থায় মৃত্যুবরণকারী/অক্ষমতাজনিত কারণে অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারিক ক্ষেত্রে অপরিশোধিত সুদের সম্পূর্ণ অংশ মওকুফের বিষয় বিবেচনাযোগ্য হবে।
- ৬.০ সুদ ও আসল মওকুফের হিসাব একটি রেজিস্ট্রারে সংরক্ষণ করতে হবে। কোন অর্থবছরে আসল ও সুদসহ মওকুফের পরিমাণ বাজেটে বরাদ্দকৃত অংকের অতিরিক্ত হবে না।
- ৭.০ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পরিপত্র জারি করা হলো।


 (মোহাম্মদ সাইদুল ইসলাম)
 উপসচিব
 ফোনঃ ৯৫৭৬০২৯

বিতরণঃ

- মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
- সিনিয়র সচিব/সচিব, মন্ত্রণালয়/বিভাগ।
- সকল সদস্য, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
- অতিরিক্ত সচিব (সংগঠন ও ব্যবস্থাপনা) জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- অতিরিক্ত সচিব, বাজেট অনুবিভাগ-১/২, অর্থ বিভাগ।
- যুগ্ম-সচিব, বাজেট অনুবিভাগ ১/২, অর্থ বিভাগ।
- উপসচিব/সিনিয়র সহকারী সচিব, বাজেট অনুবিভাগ-১/২, অর্থ বিভাগ।
- প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, সকল মন্ত্রণালয়/বিভাগ।
- অফিস কপি।